

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০৭.০৯০.২৪ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে “Supply of necessary items for leakage repairing of pre-chlorination pipe line from Filter Building to pre-chlorination chamber” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে “Supply of necessary items for leakage repairing of pre-chlorination pipe line from Filter Building to pre-chlorination chamber” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৮/২৪ ৮:২৩ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার-এর Intake Pumping Station (IPS), Water Treatment Plant (WTP) ও Booster Pumping Station (BPS) এর মাধ্যমে ট্রান্সমিশন পাইপ লাইন দিয়ে ঢাকা শহরে পানি সরবরাহ করা হয়। IPS থেকে সংগ্রহকৃত নদীর পানি (‘র’ ওয়াটার) শোধন কার্যক্রমের প্রথম ধাপে প্রি-ক্লোরিনেশন করে ডিভাইডিং চেম্বারে প্রেরণ করা হয়। ফিল্টার ভবন থেকে বুস্টিং ওয়াটার পাইপ লাইনের মাধ্যমে নির্ধারিত চেম্বারে প্রি-ক্লোরিনেশন করা হয়। এই পাইপ লাইনে পানির প্রেসার বেশি হওয়ায় প্রায়ই লিকেজ হয়, যা মেরামত করা খুবই কষ্টসাধ্য (ক্রমিক নং-১ দ্রষ্টব্য)। সম্প্রতি এই লাইনে লিকেজ হলে দেখা যায় যে, লিকেজের স্থানটি রাস্তার সরাসরি নিচে ৮ ফুট গভীরতায় অবস্থিত, ফলে রাস্তা না ভেঙ্গে লিকেজটি মেরামত করা সম্ভব নয়। এমতাবস্থায়, ভবিষ্যতে মেরামত ও রক্ষণাবেক্ষণ করার সুবিধার্থে বিদ্যমান লাইন বাইপাস করে নতুন লাইন স্থাপনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। সেই বিবেচনায় চলতি অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় “Supply of necessary items for leakage repairing of pre-chlorination pipe line from Filter Building to pre-chlorination chamber” কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৮/২৪ ৮:২৪ অপরাহ্ন

কাজটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উপকরণের বাজারদর সংগ্রহের নিমিত্তে কয়েকজন ঠিকাদার বরাবরে পত্র প্রেরণ করা হয় (ক্রমিক নং-২ দ্রষ্টব্য)। পত্রের প্রেক্ষিতে ঠিকাদারগণ কোটেশন দাখিল করেছেন (ক্রমিক নং-৩ দ্রষ্টব্য)। প্রকৃত পরিমাপের আলোকে এবং প্রাপ্ত কোটেশন হতে সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-৪ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.১৪,৯৯,৫০০ (টাকা চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত মাত্র) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের Water & Sewer plant (O&M) খাত হতে নির্বাহ করে (অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১০৫; প্যাকেজ APP/24-25/G/90) পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-৫ দ্রষ্টব্য)।

সংযুক্তিসমূহ (৫):

- ১। 1. Picture.pdf
- ২। 2. Quotation letter.pdf
- ৩। 3. Quotation.pdf
- ৪। 4. Estimate.pdf
- ৫। 5. APP Copy.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৮/২৪ ৮:২৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর ফিল্টার ভবন হতে প্রি-ক্লোরিনেশন চেম্বার পর্যন্ত বাইপাস পাইপ লাইন নির্মাণ কাজের প্রয়োজনীয় মালামাল সংগ্রহের লক্ষ্যে “Supply of necessary items for leakage repairing of pre-chlorination pipe line from Filter Building to pre-chlorination chamber” কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) কাজটির জন্য প্রাক্কলিত ৳.১৪,৯৯,৫০০ (টাকা চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত মাত্র) টাকা ব্যয়ের আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক বাজেট বরাদ্দের Water and Sewer Plant (O&M) খাত হতে (অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং 105; প্যাকেজ APP/24-25/G/90) নির্বাহীর প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারভুক্ত।

২৫/৮/২৪ ৪:৪০ অপরাহ্ন
মোঃ রায়হান চৌধুরী মামুন
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

২৫/৮/২৪ ৬:০৪ অপরাহ্ন
মোহাম্মদ সোহেল রানা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার

২৫/৮/২৪ ১০:০৮ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

~~২৫/৮/২৪ ১০:০৮ অপরাহ্ন~~
~~মিজা গোলাম কিবরিয়া~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৭/৮/২৪ ৬:৪০ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

২৭/৮/২৪ ৬:৪১ পূর্বাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৭/৮/২৪ ৬:৪১ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৭/৮/২৪ ১০:০২ অপরাহ্ন

Okay

২৭/৮/২৪ ১০:০২ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২৮/৮/২৪ ৬:১৯ পূর্বাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৮/৮/২৪ ৬:১৯ পূর্বাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৮/৮/২৪ ৯:১৫ অপরাহ্ন

e-GP তে দরপত্র আহবানের ব্যাবস্থা নিন।

২৮/৮/২৪ ৯:১৬ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৪/৯/২৪ ৬:৩৫ অপরাহ্ন
মাহমুদ রিয়াদ
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার

৪/৯/২৪ ৮:২০ অপরাহ্ন
মোঃ রায়হান চৌধুরী মামুন
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার